৫৮

দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 25 1999... ...
পৃষ্ঠা ৫ কলাম ...২.....

# কলিকাতার বইমেলায় বাংলাদেশ 'থীম কান্ট্রি' হিসেবে অংশ নিচ্ছে

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** জাতীয় গ্রন্থ কেন্দ্রের পক্ষ থেকে বলা হয় যে, আগামী ২৭ জানুয়ারী থেকে ৭ ফেব্রুয়ারী '৯৯ কলিকাতায় অনুষ্ঠিতব্য বইমেলায় বাংলাদেশ 'থীম কান্ট্রি' হিসেবে অংশগ্রহণ করছে। এতদুপলক্ষে সংসদ সদস্য, শিক্ষাবিদ, সাহিত্যিক, সাংবাদিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, আবৃত্তিশিল্পী, চারুশিল্পী, প্রকাশক, সাংস্কৃতিক প্রতিবেদকগণ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আমন্ত্রণক্রমে মেলায় যোগদান করছেন। মেলায় যোগদানকারীদের মধ্যে রয়েছেন সংসদ সদস্য পান্না কায়সার ও শামসুল আলম প্রামাণিক। শিক্ষাবিদ ও সাংবাদিকরা হচ্ছেন ঃ কবীর চৌধুরী, মুস্তাফা নূরউল ইসলাম, জিল্লুর রহমান সিদ্দিকী, রফিকুল ইসলাম, আনিসুজ্জামান, বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর, শামসুজ্জামান খান, দুর্গাদাস ভট্টাচার্য, সৈয়দ আনোয়ার হোসেন, আবদুল মান্নান চৌধুরী, শফি আহমদ, মুনতাসীর মামুন, রোকনুজ্জামান খান (দাদা ভাই), শামসুর রাহমান, সন্তোষ গুপ্ত, সৈয়দ শামসুল হক, এমআর আখতার মুকুল, মোহাম্মদ মনিরুজ্জামান, মমতাজ উদ্দীন আহমদ প্রমুখ।